রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বৃহস্পতিবার, জুন ১১, ২০২৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২৭ জ্যৈষ্ঠ ১৪৩৩/ ১০ জুন ২০২৬

নম্বর: ০৪.০০.০০০০.০০০.৪২১.৬২.০০১৪.২৬.১৭৫—গত ২ জুন ২০২৬ তারিখ, মঙ্গলবার নিউইয়র্কে জাতিসংঘ সদরদপ্তরে অনুষ্ঠিত ভোটে বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান জাতিসংঘের ৮১-তম সাধারণ পরিষদের সভাপতি নির্বাচিত হয়েছেন।

২। মাননীয় প্রধানমন্ত্রী জনাব তারেক রহমানের প্রজ্ঞা, দূরদর্শীতা ও বলিষ্ঠ নেতৃত্ব এবং পররাষ্ট্র মন্ত্রণালয় ও জাতিসংঘে বাংলাদেশের স্থায়ী মিশনের সর্বাত্মক প্রচেষ্টা ও প্রচারণার ফলে জাতিসংঘের ৮১-তম সাধারণ পরিষদের সভাপতি নির্বাচিত হওয়া সম্ভব হয়েছে।

৩। জাতিসংঘের ৮১-তম সাধারণ পরিষদের সভাপতি নির্বাচিত হওয়ার মাধ্যমে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর হওয়ায় ড. খলিলুর রহমান-কে অভিনন্দন ও আন্তরিক শুভেচ্ছা জ্ঞাপন করে মন্ত্রিসভার ২১ জ্যৈষ্ঠ ১৪৩৩/ ৪ জুন ২০২৬ তারিখের বৈঠকে অভিনন্দন প্রস্তাব গৃহীত হয়।

৪। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত অভিনন্দন প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

নাসিমুল গনি
মন্ত্রিপরিষদ সচিব



**মূল্য :** টাকা ৪.০০

## মন্ত্রিসভার অভিনন্দন প্রস্তাব

ঢাকা: ২১ জ্যৈষ্ঠ ১৪৩৩ / ৪ জুন ২০২৬

গত ২ জুন ২০২৬ তারিখ, মঙ্গলবার নিউইয়র্কে জাতিসংঘ সদরদপ্তরে অনুষ্ঠিত ভোটে বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান জাতিসংঘের ৮১-তম সাধারণ পরিষদের সভাপতি নির্বাচিত হয়েছেন। মোট ১৯০ ভোটের মধ্যে সাধারণ পরিষদের সভাপতি পদে সাইপ্রাসের পররাষ্ট্রমন্ত্রীর বিশেষ দূত আন্দ্রেয়াস এস কাকোরিসকে ৮ ভোটে পরাজিত করে তিনি এক বছরের জন্য এই পদে নির্বাচিত হয়েছেন। উল্লেখ্য, আগামী ৮ সেপ্টেম্বর ২০২৬ তারিখে জাতিসংঘের ৮১-তম সাধারণ পরিষদের সম্মেলন অনুষ্ঠিত হতে যাচ্ছে।

মাননীয় প্রধানমন্ত্রী জনাব তারেক রহমানের প্রজ্ঞা, দূরদর্শীতা ও বলিষ্ঠ নেতৃত্ব এবং পররাষ্ট্র মন্ত্রণালয় ও জাতিসংঘে বাংলাদেশের স্থায়ী মিশনের সর্বাত্মক প্রচেষ্টা ও প্রচারণার ফলে জাতিসংঘের ৮১-তম সাধারণ পরিষদের সভাপতি নির্বাচিত হওয়া সম্ভব হয়েছে। মন্ত্রিসভা মনে করে যে, এই বিজয়ের মধ্য দিয়ে আন্তর্জাতিক অঙ্গণে বাংলাদেশের প্রতি জাতিসংঘের সদস্যদেশসমূহের আস্থা ও কূটনৈতিক সম্প্রীতির সুস্পষ্ট প্রতিফলন ঘটেছে।

জাতিসংঘের ৮১-তম সাধারণ পরিষদের সভাপতি নির্বাচিত হওয়ার মাধ্যমে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর হওয়ায় মন্ত্রিসভা ড. খলিলুর রহমান-কে অভিনন্দন ও আন্তরিক শুভেচ্ছা জ্ঞাপন করছে।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd